

এনএসইউর শিক্ষার্থীদের জন্য ঢাকা ব্যাংকের স্পার্ক কার্ড

অর্থ-বাণিজ্য ডেস্ক

ঢাকা ব্যাংক সম্প্রতি নর্থ সাউথ ইউনিভার্সিটির (এনএসইউ) সঙ্গে যৌথভাবে 'ঢাকা ব্যাংক প্রেজেন্টস মার্কেটস ২০২৬' শীর্ষক ইন্টার-ইউনিভার্সিটি ডিজিটাল মার্কেটিং কেস কম্পিটিশনের গ্র্যান্ড ফিনালে আয়োজন করেছে। একই অনুষ্ঠানে ঢাকা ব্যাংক-নর্থ সাউথ ইউনিভার্সিটি কো-ব্র্যান্ডেড মাস্টারকার্ড স্পার্ক প্রিপেইড কার্ড চালু করা হয়। এনএসইউর শিক্ষার্থীদের জন্য কার্ডটি চালু করা হয়। এক সংবাদ

বিজ্ঞপ্তিতে ঢাকা ব্যাংক এই তথ্য জানিয়েছে।

অনুষ্ঠানে ঢাকা ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক (এমডি) ও প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) ওসমান এরশাদ ফয়েজ, উপব্যবস্থাপনা পরিচালক (ডিএমডি) মো. মোস্তাক আহমেদ ও হেড অব রিটেইল বিজনেস এইচ এম মোস্তাফিজুর রহমান; এনএসইউ বোর্ড অব ট্রাস্টিজের সদস্য বেনজির আহমেদ, উপাচার্য অধ্যাপক আবদুল হান্নান চৌধুরী এবং মাস্টারকার্ডের লিড-মার্চেন্ট অ্যান্ড কমার্স জুবারের হোসাইন প্রমুখ উপস্থিত ছিলেন।

সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, যোগ্য স্নাতক

ও স্নাতকোত্তর শিক্ষার্থীদের জন্য তৈরি করা কার্ডটি দেশে-বিদেশে ভ্রমণ, রেস্টুরেন্ট, শিক্ষা, ফ্যাশন ও প্রযুক্তিতে সুবিধা দেবে। আইইএলটিএস, স্যাট, জিম্যাট ও টোয়েফল পরীক্ষার ফি এবং স্টার সিনেপ্লেক্সে ক্যাশব্যাক, নেটফ্লিক্স, স্পটিফাই, চরকি ও হইচইয়ে সর্বোচ্চ ৫ শতাংশ ক্যাশব্যাক এবং কিভা হ্যানে সর্বোচ্চ ২০ শতাংশ মূল্যছাড় মিলবে। এ ছাড়া জিওদানো ও পাঠাওয়ে বিশেষ সুবিধা থাকবে।

অনুষ্ঠান শেষে অংশগ্রহণকারী দলগুলো ও শিক্ষার্থীদের সম্মাননা প্রদান করা হয়।



সম্প্রতি 'ঢাকা ব্যাংক প্রেজেন্টস মার্কেটস ২০২৬' শীর্ষক ইন্টার-ইউনিভার্সিটি ডিজিটাল মার্কেটিং কেস কম্পিটিশনের গ্র্যান্ড ফিনালে এবং কো-ব্র্যান্ডেড প্রিপেইড কার্ডের মোড়ক উন্মোচন অনুষ্ঠানে ঢাকা ব্যাংকের এমডি ও সিইও ওসমান এরশাদ ফয়েজ ও ডিএমডি মো. মোস্তাক আহমেদ; এনএসইউর উপাচার্য অধ্যাপক আবদুল হান্নান চৌধুরী এবং মাস্টারকার্ডের লিড-মার্চেন্ট অ্যান্ড কমার্স জুবারের হোসাইনসহ অন্যরা। ছবি : ঢাকা ব্যাংক